গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুরারিচাঁদ কলেজ, সিলেট
ফোন- ০২৯৯৬৬৪১৬৩৪, মোবাইল-০১৭০১-৪৫০৮২০
website : www.mccollege.edu.bd
email : m.c.college_sylhet@live.com

তারিখ: ২৮.১০.২০২৬ খ্রি.

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

প্রথম ধাপ:

অনলাইনে আবেদন ঃ শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট (www.nu.ac.bd/admission)- এর মাস্টার্স অপশনে ক্লিক করে Apply now অপশনের মাধ্যমে ২৯.১০.২০২৬ খ্রি. থেকে ১৯.১১.২০২৬ খ্রি. পর্যন্ত অনলাইনে আবেদন ফরম পূরণ পূর্বক মুরারিচাঁদ কলেজ, সিলেট এ "সোনালী-ই সেবা" এর মাধ্যমে নির্ধারিত ফি ২৯.১০.২০২৬ খ্রি. থেকে ১৯.১১.২০২৬ খ্রি. পর্যন্ত পরিশোধ করতে পারবে।

দ্বিতীয় ধাপ : ফি জমাদান ঃ শিক্ষার্থীদেরকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত ফি ১,০০০/- (এক হাজার) টাকা "সোনালী-ই সেবা" শিক্ষার" মাধ্যমে পরিশোধ করতে হবে। "সোনালী-ই সেবা" টাকা পরিশোধের পর জমা স্লিপ নিজের কাছে সংরক্ষণ করতে হবে।

টাকা জমাদানের পদ্ধতি ঃ শিক্ষার্থীদেরকে সোনালী সেবায় প্রাপ্ত তথ্য সঠিক ভাবে এন্ট্রি করতে হবে যেমন প্রাথমিক আবেদনের জাতীয় বিশ্ববিদ্যালয় প্রাপ্ত রোল/আইডি, সঠিক নাম এবং আবেদনের সময় ব্যবহৃত মোবাইল নম্বর দিয়ে আবেদনের নির্ধারিত ফি ১০০০/- (এক হাজার) টাকা "সোনালী-ই সেবা" এর মাধ্যমে পরিশোধ করতে হবে। "সোনালী-ই সেবায়" টাকা পরিশোধের পর টাকা জমার রশিদ সংগ্রহ করতে হবে। প্রয়োজন হলে টাকা জমার রশিদ প্রদর্শন করতে হবে।

টাকা জমাদানের সময়সূচী: ২৯.১০.২০২৬ থেকে ১৯.১১.২০২৬ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত আবেদনকারী নির্ধারিত ফি ১,০০০/- (এক হাজার) টাকা "সোনালী-ই সেবার" মাধ্যমে জমা দিতে পারবে। উক্ত লিংক ব্যতীত অন্য সাইটে টাকা জমা দিলে ভর্তি সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বি:দ্র: প্রাথমিক আবেদনের হার্ড কপি কলেজে জমা দেওয়ার প্রয়োজন নেই।

ভর্তির যোগ্যতা ঃ

ক) এ ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০ থেকে ২০২৪ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর এবং গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া প্রার্থীর প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়টি স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০ পেতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ে অধীনে ২০২০ থেকে ২০২৪ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তির সুযোগ পাবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে তারা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি যোগ্যতার শর্তপূরণ সাপেক্ষে আবেদনের সুযোগ পাবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান, ক্ষুদ্র নৃগোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম ও পোষ্য কোটায় ভর্তিচ্ছু প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি আবেদন করতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে।

ঙ) কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

*** বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে প্রদত্ত নোটিশে পাওয়া যাবে।

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ
Principal
মুরারিচাঁদ কলেজ, সিলেট
Muranchand College, Sylhet.

২৮.১০.২৬ খ্রি.

আহবায়ক
২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের প্রিলিমিনারী টু মাস্টার্স ভর্তি কমিটি
মুরারিচাঁদ কলেজ, সিলেট